

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রথম অধিশাখা
৯১, মতিঝিল, বা/এ, ঢাকা।
www.moind.gov.bd

শিল্প মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব কে এম আলী আজম
সচিব, শিল্প মন্ত্রণালয়
তারিখ : ১০/০৯/২০২০
সময় : দুপুর ১২.৩০ টা
স্থান : জুম এ্যাপস এর মাধ্যমে

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। গত ১০/০৯/২০২০ তারিখের সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়। অতঃপর সভাপতি সভার আলোচ্যসূচি উপস্থাপনার জন্য শিল্প মন্ত্রণালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ সালাউদ্দিন, যুগ্মসচিব-কে আহ্বান জানান। সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় :

ক্রমং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	সকল কর্মকর্তা নিয়মিত ই-মেইল ও ই-নথি চেক/ব্যবহার করছে কিনা এবং যথাসময়ে নিয়মিত দাপ্তরিক কাজ সম্পাদন করছেন কিনা তা নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা হয়। তাছাড়া কর্মকর্তা/কর্মচারীগণের অন-লাইনে কাজের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়েও সভায় আলোচনা হয়।	সকল কর্মকর্তা নিয়মিত ই-মেইল ও ই-নথি চেক/ব্যবহার করছে কিনা এবং যথাসময়ে নিয়মিত দাপ্তরিক কাজ সম্পাদন করছেন কিনা তা নিশ্চিত করতে হবে। তাছাড়া কর্মকর্তা/ কর্মচারীগণের অন-লাইনে কাজের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অতিরিক্ত সচিব (ই-গভ. আইসিটি ও এমআইএস), শিল্প মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা প্রধান (সকল)।
২	মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তাগণকে ই-ফাইলিং কার্যক্রমে দক্ষতা বৃদ্ধিসহ ই-ফাইলিং ব্যবস্থাপনায় প্রাপ্ত সকল ডাক ও নথি যথাসময়ে এবং যথাযথভাবে নিষ্পত্তি করার বিষয়ে সভায় আলোচনা হয়।	মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল কর্মকর্তাগণকে ই-ফাইলিং কার্যক্রমে দক্ষতা বৃদ্ধিসহ ই-ফাইলিং ব্যবস্থাপনায় প্রাপ্ত সকল ডাক ও নথি যথাসময়ে এবং যথাযথভাবে নিষ্পত্তি হতে হবে।	সকল কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা প্রধান(সকল)।
৩.	২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত সকল কার্যক্রম সময়মতো সঠিক ও সুষ্ঠুভাবে বাস্তবায়নপূর্বক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের ক্ষেত্রে সবাইকে সচেষ্টি ও আন্তরিক হওয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।	সঠিক ও সুষ্ঠুভাবে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নপূর্বক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের ক্ষেত্রে সবাইকে সচেষ্টি ও আন্তরিক হতে হবে।	সকল কর্মকর্তা, শিল্প মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা প্রধান (সকল)।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
তারিখ : ১৪/০৯/২০২০ খ্রি.
কে এম আলী আজম
সচিব
ও
সভাপতি, নৈতিকতা কমিটি
শিল্প মন্ত্রণালয়